

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ রাস্তার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পথে পেশাব-পায়খানা করবেন না

কারণ, এ কাজে সাধারণ পথিক কস্ট পায় এবং তাতে প্রকাশ্যে বা মনে মনে গালি দিয়ে থাকে। আর তাই এ কাজ হল অভিশাপ আনয়নকারী।

আল্লাহর রাসুল (ﷺ) বলেন, "তোমরা তিনটি অভিশাপ আনয়নকারী কর্ম থেকে বাঁচ; আর তা হল, ঘাটে, মাঝ-রাস্তায় এবং ছায়ায় পায়খানা করা।"[1]

রাসুল (ﷺ) বলেন, "যে ব্যক্তি রাস্তার ব্যাপারে মুসলিমদেরকে কষ্ট দেয়, সে ব্যক্তির উপরে তাদের অভিশাপ অনিবার্য হয়ে যায়।"[2]

অনুরূপভাবে আপনি নিজেও বাড়ির নোংরা ফেলে রাস্তা নোংরা করবেন না এবং কোন কষ্টদায়ক বস্তু নিক্ষেপ করবেন না। নচেৎ আপনিও হবেন অভিশপ্ত।

## ফুটনোট

- [1]. আবু দাউদ, ইবনে মাজাহ, সহীহ তারগীব ১৪১
- [2]. ত্বাবারানী কাবীর, সহীহ তারগীব ১৪৩

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7967

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন